৩২

তারিখ ...14 MAY 1997 ...
পৃষ্ঠা ৫ কলাম ৫

দৈনিক বাংলা

## বিজ্ঞান শিক্ষা ও গবেষণা

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অধ্যাপক শামসুল হক দেশে বিজ্ঞান ও শিক্ষা ও গবেষণার সুযোগ বাড়ানোর দাবি জানিয়েছেন। সম্প্রতি পদার্থবিজ্ঞান সমিতি আয়োজিত আন্তর্জাতিক সেমিনারে প্রধান অতিথি অধ্যাপক হক বলেন, একবিংশ শতাব্দীর কাছে পৌঁছেও আমাদের প্রযুক্তি প্রাথমিক পর্যায়ের, বিজ্ঞান শিক্ষার মান অনুন্নত, সঙ্গতভাবেই অর্থনীতি অসন্তোষজনক। এ অবস্থা কাটিয়ে ওঠার জন্যেই বিজ্ঞান শিক্ষা ও গবেষণার মান উন্নত করা দরকার। এ পর্যায়ে তিনি একটি পদার্থবিজ্ঞান গবেষণাগার এবং বিজ্ঞান পাঠাগার স্থাপনের প্রস্তাব করেন।

অধ্যাপক শামসুল হক এদেশে বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে দীর্ঘ অভিজ্ঞতার অধিকারী। তার বিশ্লেষণে এই অভিজ্ঞতা এবং জাতীয় চাহিদারই প্রতিফলন ঘটেছে। এ নিয়ে তাই দ্বিমতের অবকাশ আছে বলে মনে হয় না। বিশেষ করে নতুন প্রযুক্তির অধিকার অর্জনের প্রয়োজন আজ সকল ক্ষেত্রেই এমন প্রবলভাবে অনুভূত হচ্ছে যে, বলতে গেলে তা এখন এক সাধারণ দাবিতে পরিণত হয়েছে। আর প্রযুক্তি উদ্ভাবন ও প্রয়োগের ক্ষেত্রে বিজ্ঞান শিক্ষা ও গবেষণার কোন বিকল্প নেই এবং থাকতেও পারে না। প্রযুক্তির অধিকার অর্জনের মাধ্যমে ভাগ্য ফেরাতে হলে অবশ্যই বিজ্ঞান শিক্ষা ও গবেষণার মান ও সুযোগ বাড়াতে হবে।

এ প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, প্রযুক্তির উদ্ভাবন রাতারাতি হয় না। বিজ্ঞানের তাত্ত্বিক গবেষণালব্ধ তত্ত্ব আর তথ্য ব্যবহার করেই প্রযুক্তির উদ্ভাবন ও প্রয়োগ সম্ভব। ফলে বিজ্ঞান শিক্ষার এবং তাত্ত্বিক গবেষণা মান না বাড়াতে পারলে প্রযুক্তি উদ্ভাবনের আশা করা যায় না। তাত্ত্বিক পদার্থবিজ্ঞানের গবেষণা এদিক থেকে তাই খুবই গুরুত্বপূর্ণ। একটি গবেষণাগার এবং বিজ্ঞান পাঠাগার স্থাপন এ পরিপ্রেক্ষিতে তাই খুবই জরুরী। আমরা অধ্যাপক হকের এ প্রস্তাবের প্রতি উর্ধ্বতন কর্তৃপক্ষের মনোযোগ আকর্ষণ করি।

— আবদুল হক

OF — SHEETS